

## বাংলা (Bangla)

আবেদন করুন

আমরা জরুরী দরখাস্ত যে কোন সময়ে গ্রহণ করি

**আর্টিস্টস এট রিস্ক সারা বিশ্বের যে কোন জায়গা থেকে প্রার্থীদের আবেদনকে স্বাগত জানাচ্ছে।** আমরা উপযুক্ত আবেদনকারীর জন্য অনুবাদ নিশ্চিত করার জন্য আমাদের সর্বোত্তম চেষ্টা করবো। বিশ্বের প্রধান ভাষাগুলোতে আবেদন করা সম্ভব। তবে খরচ কমানো এবং কাজে দ্রুততা আনার স্বার্থে আমরা ইংরেজিতে আবেদনকে শক্তভাবে অধিকতর গুরুত্ব দেই।

**আমাদের দ্বিতীয় দরখাস্ত আহ্বান এখন সবার জন্য উন্মুক্ত।** এই সম্পর্কিত তথ্য আপনি ইংরেজি, আরবি, তুর্কি, স্প্যানিশ, ফরাসি, বাংলা এবং পর্তুগীজ ভাষায় পেতে পারেন। যেমনটা আগে বলা হয়েছে, আমরা জরুরী দরখাস্ত যে কোন সময় গ্রহণ করি।

আমরা আবাসিক আর্টিস্ট এট রিস্ক বলতে সম্মানিত ভিজিটিং শিল্পীদের বুঝাই, রাজনৈতিক আশ্রয়প্রার্থী বা রিফিউজি বুঝাই না। পেশাজীবী শিল্পী যাদের মতামত প্রকাশের স্বাধীনতা মারাত্মক হুমকির মুখে বা যারা শিল্প কর্মের জন্য অবিচার বা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হুমকির মুখে পড়েছেন তারা এখানে আবেদন করতে পারেন। আমাদের আবাসিক আর্টিস্টগণ এই প্রোগ্রাম এ এসে নিজের দেশের পরিস্থিতি থেকে স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারবেন অথবা নিজেদের পেশাগত কাজ পুনরায় সাজানোর একটি সুযোগ হিসেবে ব্যবহার করতে পারবেন।

আর্টিস্ট এট রিস্ক নিরাপদ আশ্রয় প্রোগ্রামে সাধারণত একটি এপার্টমেন্ট বা স্টুডিও, বসবাসের জন্য মাসিক ভাড়া, যাতায়াত, ভিসা এবং ইন্সুরেন্স খরচ বহন করার জন্য এবং অল্প পরিমাণের বাজেট শিল্প উৎপাদন ও আইনগত খরচ খাতে বরাদ্দ করা হয়। প্রত্যেক আশ্রয় প্রোগ্রামের জন্য ভিন্ন শর্ত প্রযোজ্য। কোন কোন আশ্রয় প্রোগ্রামের আওতায় পরিবারকেও সহায়তা দেয়া হয়।

### দরখাস্তের প্রক্রিয়া

স্ট্যান্ডার্ড নিরাপত্তা: দয়া করে [গুগল ফর্ম পূরণ করুন ও পাঠান এখানে](#)।

সর্বচ্চ নিরাপত্তা: এখানে একাউন্ট খুলুন (দেখুন [নিরাপদ যোগাযোগ](#)), দরখাস্তের ফরম [এখানে](#) ডাউনলোড করুন, এবং অন্যান্য দরখাস্তের ডকুমেন্টসহ পরিপূর্ণ ফরম (একটি জিপ ফাইল আমরা অধিকতর পছন্দ করি) আমাদের একাউন্ট @artistsatrisk এ পাঠান।

ই-মেইল নিরাপত্তা:

যদি আপনি ই-মেইল ব্যবহার অধিকতর পছন্দ করেন, তাহলে [এখান থেকে](#) দরখাস্ত ফরম ডাউনলোড করতে পারেন এবং ডকুমেন্টসহ পরিপূর্ণ দরখাস্ত (জিপ ফাইল আমরা অধিকতর পছন্দ করি) এই ই-মেইল এ পাঠান: [ArtistsatRisk@gmail.com](mailto:ArtistsatRisk@gmail.com) এই একাউন্ট এর জন্য পিজিপি এনক্রিপশন এখানে আছে (কেমনে ব্যবহার করতে হয় তা জানার জন্য দেখুন, [নিরাপদ যোগাযোগ](#))।

আপনি আপনার দরখাস্ত যে কোন প্রধান ভাষায় করতে পারেন যদিও আমরা ইংরেজিতে দরখাস্ত করাকে অধিকতর পছন্দ করি। বাছাইকরণ বিচারক প্যানেলের জন্য সব দরখাস্ত ইংরেজিতে অনুবাদ করা হবে। অনুবাদ অতিরিক্ত খরচ এবং সিদ্ধান্ত প্রক্রিয়া বিলম্বিত হওয়ার কারণ হতে পারে। যদি সম্ভব হয়, দয়া করে আপনার দরখাস্ত ইংরেজিতে পাঠান।

## বাছাইকরণ

একটি **আন্তর্জাতিক বাছাই বোর্ড** স্বল্প ও দীর্ঘমেয়াদী আবাসিক আর্টিস্টস এট রিস্ক বেক্তিদের বাছাই করবে। আর্টিস্টস এট রিস্ক যুগ্ম পরিচালক গণ এবং পরামর্শক বোর্ড বাছাই কমিটি নির্ধারণ করবেন।

পরামর্শক বোর্ডঃ

মারিয়া আলিওথিনা (পুশি রাইওট)

রাগ ভারতীয়াইনেন (এডিটর-ইন-চিফ, হাইপার এলারজিক ডট কম)

বনভেঞ্জার সহ বেজেং ডিকুং (সেভি কনটেমপরারি/কিউরেটর-এট-লারজ, ডকুম্যান্টা ১৪)

হেল্লে লুনড (নির্বাহী পরিচালক, আইকরন)

জুলি ট্রেবলট (আর্টিস্টস এট রিস্ক কোয়ালিশন, পেন আমেরিকা)

আর্টিস্টস এট রিস্ক (এ আর)

প্রতিষ্ঠাতা পরিচালকঃ ইভর শুডলক্সি এবং মারিতা মুক্কনেন

নিরাপদ চ্যাটঃ Wire অথবা Signal (পিজিপি এক্সিপ্সন এর বেবস্থা আছে)

ই-মেইলঃ [artistsatrisk@gmail.com](mailto:artistsatrisk@gmail.com)